

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আগস্ট, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১০-আইন/২০১৫/৪৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত ও ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, ধারা ১১ এ উল্লিখিত শিল্প ইউনিট কর্তৃক আমদানিকৃত যানবাহনের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিটার্টি, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ

- (১) শিল্প ইউনিটকে কমপক্ষে ১০ মিলিয়ন ইউএস ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করিতে হইবে অথবা সংশ্লিষ্ট শিল্প ইউনিটে অন্ত্যন্তে ৫০০ জনবল কর্মরত থাকিতে হইবে।
- (২) আমদানিকৃত যানবাহনের শুল্ক নিরূপণ ও খালাসের সময় অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ্ব ২০০০ সিসি ইঞ্জিন ক্ষমতার একটি সেডান কার এবং একটি মাইক্রোবাস/পিকআপ ভ্যান/ডাবল কেবিন পিকআপ আমদানি করা যাইবে।
- (৪) আমদানিকৃত যানবাহন ৫ (পাঁচ) বৎসরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, ৫ (পাঁচ) বৎসরের মধ্যে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই, ২০০০ তারিখের স্থায়ী আদেশ (শুক) No. 100/2000/shulka এর বিধান প্রযোজ্য হইবে।

- (৫) অর্থনৈতিক অঞ্চলের কোন শিল্প ইউনিট এই প্রজ্ঞাপনের আওতায় কেবলমাত্র একবার যানবাহন আমদানি করিতে পারিবে।
- (৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহনের নম্বর প্লেটের ত্রিমিক নম্বরের পূর্বে “বেজা” শব্দটি লিখিতে হইবে।
- (৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহন আমদানিকারক শিল্প ইউনিটের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ নজিরুর রহমান)
সচিব।